

ইবিতে ফের গুলি-ককটেল বিস্ফোরণ আতঙ্কে শিক্ষার্থী

সংবাদ : | প্রতিনিধি, ইবি (কুষ্টিয়া)

| ঢাকা, বৃহস্পতিবার, ২৯ আগস্ট ২০১৯

একদিনের ব্যবধানে ইসলামী বিশ্ববিদ্যালয়ে(ইবি) আবারো গুলি ও ককটেল গ্রেনেড বিস্ফোরণের ঘটনা ঘটেছে। গত মঙ্গলবার রাত ৯টার দিকে প্রথমে বিশ্ববিদ্যালয়ের লালন শাহ হলের দক্ষিণ ব্লকের পেছনে বিকট শব্দে একটি ককটেল ফোটে। এর কিছু সময় পরে ওই হল এলাকায় গুলির শব্দ শোনা যায়। তবে এসব ঘটনায় কোন হতাহতের খবর পাওয়া যায়নি। এতে আবাসিক ছাত্রদের মধ্যে চরম আতঙ্ক বিরাজ করছে। লালন শাহ হলের আবাসিক শিক্ষার্থী তরিকুল ইসলাম বলেন, কোর্স ফাইনাল পরীক্ষার প্রস্তুতি নিচ্ছিলাম। হঠাৎ বিকট শব্দে পুরো হল কেঁপে ওঠে। পরে আবারো শব্দ শোনা যায়। আমরা নিরাপত্তাহীনতায় ভুগছি।

জানা যায়, ওই হলের দক্ষিণ ব্লকের ২৩৫ নম্বর রুমেই বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাফিকুল ইসলাম রাফিক অবস্থান করে। পেছনেই ককটেলটির বিস্ফোরণ ঘটেছে। ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাফিকুল ইসলাম বলেন, তিনি ঘটনার রাতে হলে অবস্থান করেননি। ক্যাম্পাস অস্থিতিশীল করতে অপচেষ্টা

অব্যাহত রেখেছে একাট মূল। বিস্ফোরণের আনুমানিক ১৫ মিনিট পর ইবি থানা পুলিশ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. পরেশ চন্দ্র বস্মণ উপস্থিত হয়ে ঘটনাস্থল পরিদর্শন করেন। তিনি পরিদর্শন শেষে সাংবাদিকদের বলেন, 'বাড়তি মনযোগ আকর্ষণ করাতেই কেউ না কেউ এগুলো করছে। শণাক্তের চেষ্টা চলছে। এছাড়াও পুলিশি তৎপরতা বাড়ানো হয়েছে। শিক্ষার্থীদের আতঙ্কিত না হওয়ার পরামর্শ দেন তিনি।